গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম
আইসিটি শাখা
www.kurigram.gov.bd

**মার্চ, ২০১৯ মাসের জেলা ইনোভেশন টিম এর সভার কার্যবিবরণীঃ**

সভাপতি : জনাব মোছাঃ জিলুফা সুলতানা
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
কুড়িগ্রাম।

সভার তারিখ : ২৮-০৩-২০১৯ খ্রি:।
সভার সময় : বেলা- ০৪:০০ টা।
সভার স্থান : অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) এর অফিস কক্ষ, কুড়িগ্রাম।
সভায় উপস্থিতি : পরিশিষ্ট- "ক" (স্বাক্ষরের ক্রমানুসারে)

উপস্থিত কুড়িগ্রাম জেলার ইনোভেশন টিমের সম্মানিত সদস্যগণকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। নিজ নিজ অধিক্ষেত্রে ইনোভেশন প্রকল্পের গুরুত্বারোপ করে সভাপতি দিকনির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন এবং আলোচ্যসূচি পেশ করার জন্য সহকারী কমিশনার (আইসিটি), কুড়িগ্রামকে অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে সহকারী কমিশনার (আইসিটি), কুড়িগ্রাম বিগত ২৭/০২/২০১৯ খ্রিঃ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। উপস্থাপিত ফেব্রুয়ারি ২০১৯ এর কার্যবিবরণীর উপর কোন মন্তব্য আছে কিনা জানতে চাওয়া হয়। সভায় উপস্থিত সদস্যবৃন্দ গত সভার কার্যবিবরণী যথাযথভাবে লিপিবদ্ধ হয়েছে এবং কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনের প্রস্তাব নেই মর্মে অবহিত করেন। কার্যবিবরণীতে কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনের প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। অত:পর গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করার পর নিম্নোক্ত এজেন্ডাভিত্তিক আলোচনা অনুষ্ঠিত হয় এবং সর্বসম্মতিক্রমে সিদ্ধান্তসমূহ গৃহিত হয়ঃ

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১। | **জেলা ও উপজেলা ইনোভেশন টিমের পুনর্গঠন সম্পর্কে আলোচনাঃ**<br><br>সভাপতি মন্ত্রিপরিষদ বিভাগের ৮ এপ্রিল ২০১৩ খ্রিঃ তারিখের প্রজ্ঞাপন মোতাবেক ইনোভেশন টিম পুনর্গঠন বিষয়ে জানতে চাইলে সহকারী কমিশনার(আইসিটি) সভায় অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগের প্রজ্ঞাপন মোতাবেক জেলা ইনোভেশন টিম ইতোমধ্যে পুনর্গঠন করা হয়েছে। সভাপতি যে সকল উপজেলা ইনোভেশন টিমের হালনাগাদ তথ্য পাওয়া যায়নি তাদের তাগিদপত্র দিতে বলেন এবং দ্রুততম সময়ের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার, কুড়িগ্রামকে অনুরোধ করেন। | মন্ত্রিপরিষদ বিভাগের ৮ এপ্রিল ২০১৩ খ্রিঃ তারিখের প্রজ্ঞাপনের নির্দেশনা মোতাবেক উপজেলা ইনোভেশন টিম প্রতিনিয়ত পুর্নগঠনপূর্বক দ্রুত এ কার্যালয়কে অবহিত করতে হবে। | উপজেলা ইনোভেশন অফিসার (সকল), কুড়িগ্রাম। |
| ২। | **জেলা ও উপজেলা ইনোভেশন টিমের বার্ষিক কর্মপরিকল্পনা সম্পর্কে আলোচনাঃ**<br>মন্ত্রিপরিষদ বিভাগের ১৬ জুলাই ২০১৮ তারিখের ই-মেইলে প্রাপ্ত পত্রের আলোকে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এ জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কাঠামো-এর সংগতি রেখে ২০১৮-২০১৯ অর্থবছরের জন্য প্রণীত বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে আলোচনা হয়। জেলা ও উপজেলা ইনোভেশন টিমের ২০১৮-২০১৯ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনা নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের জন্য সভাপতি সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। উপজেলা ইনোভেশন টিমের অগ্রগতির সুনির্দিষ্ট তথ্য জেলা ইনোভেশন টিমের সভায় উপস্থাপনের জন্য প্রতিমাসের সভা অনুষ্ঠানের পূর্বেই এ কার্যালয়ে প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রামকে নির্দেশনা প্রদান করেন। ২০১৮-২০১৯ অর্থবছরের স্ব স্ব উপজেলার প্রণীত বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতির স্ব মূল্যায়ন প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রামকে বারবার অনুরোধ করা হয়। কিন্তু অদ্যাবধি কোন উপজেলা হতে চাহিত প্রতিবেদন এ কার্যালয়ে না পাওয়ায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। ২০১৮-২০১৯ অর্থবছরের স্ব স্ব উপজেলার প্রণীত বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতির স্ব মূল্যায়ন প্রতিবেদন জরুরিভিত্তিতে এ কার্যালয়ে প্রেরণ করার জন্য সভাপতি উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রামকে পুনরায় অনুরোধ করেন। | ১। জেলা ও উপজেলা ইনোভেশন টিমের ২০১৮-২০১৯ অর্থ বছরের বার্ষিক কর্মপরিকল্পনা বাস্তবায়ন করতে হবে।<br>২। উপজেলা পর্যায়ের ইনোভেশন টিমের অগ্রগতির সুনির্দিষ্ট তথ্যসহ সঠিক সময়ে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।<br>৩।২০১৮-২০১৯ অর্থবছরের স্ব স্ব উপজেলার প্রণীত বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতির স্ব মূল্যায়ন প্রতিবেদন জরুরিভিত্তিতে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। | (১-৩)। উপজেলা ইনোভেশন অফিসার (সকল), কুড়িগ্রাম/ সহকারী কমিশনার (আইসিটি), কুড়িগ্রাম। |

| | | | |
|---|---|---|---|
| ৩। | **মাল্টিমিডিয়া ক্লাসরুমঃ**<br>সভায় জেলার যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাসরুম যথাযথভাবে পরিচালনাকরণ এবং ক্লাসের যন্ত্রপাতি সংরক্ষণ বিষয়ে আলোচনা করা হয়। সভাপতি উপজেলা নির্বাহী অফিসার(সকল), কুড়িগ্রাম ও জেলা শিক্ষা অফিসার/জেলা প্রাথমিক শিক্ষা অফিসার,কুড়িগ্রামকে বিষয়টি নিয়মিত তদারকি করতে অনুরোধ করেন। শেখ রাসেল ডিজিটাল ল্যাব সমৃদ্ধ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রধানগণকে নিজ উদ্যোগে শেখ রাসেল ডিজিটাল ল্যাবসহ কম্পিউটার ল্যাব ও মাল্টিমিডিয়া ক্লাসের যন্ত্রপাতি সচল রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে নির্দেশনা প্রদান করেন।<br>অনলাইন মাল্টিমিডিয়া ক্লাসরুম ড্যাসবোর্ড মনিটরিং বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। মাল্টিমিডিয়া ক্লাসরুমসমৃদ্ধ শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে নিয়মিত অনলাইন রিপোর্ট আপলোড নিশ্চিতকরণের বিষয়ে আলোচনা করা হয়। | ১। যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাসরুম রয়েছে সে সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানদের মাল্টিমিডিয়া ক্লাসরুমের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করতে হবে।<br>২। মাল্টিমিডিয়া ক্লাসরুম সমৃদ্ধ শিক্ষা প্রতিষ্ঠানগুলো পরিদর্শন করে তার প্রতিবেদন প্রেরণ ও নিয়মিত অনলাইন রিপোর্ট আপলোড নিশ্চিত করতে হবে।<br>৩। শেখ রাসেল ডিজিটাল ল্যাবসহ কম্পিউটার ল্যাব ও মাল্টিমিডিয়া ক্লাসের যন্ত্রপাতি সচল রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | (১-২)।উপজেলা নির্বাহী অফিসার(সকল), কুড়িগ্রাম/জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম /জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কুড়িগ্রাম<br>(৩-৪)। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান,কুড়িগ্রাম। |
| ৪। | **উপজেলা ইনোভেশন টিমের সভা সম্পর্কে আলোচনাঃ**<br>উপজেলা ইনোভেশন টিম এর সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের অগ্রগতি পর্যালোচনা করা হয়। উপজেলা ইনোভেশন টিম এর মাসিক সভাকে আরো কার্যকর ও গতিশীল করার ব্যাপারে সভাপতি উপস্থিত কর্মকর্তা /সদস্যবৃন্দকে আলোচনা করার জন্য অনুরোধ করেন। উপস্থিত কর্মকর্তা/সদস্যবৃন্দ সভায় অবহিত করেন যে, উপজেলা পর্যায়ে ইনোভেশন টিমের মাসিক সভা নিয়মিত অনুষ্ঠিত হচ্ছে না। সভা অনুষ্ঠান সংক্রান্ত প্রতিবেদন বা মাসিক সভার কার্যবিবরণী জেলা ইনোভেশন টিমের সভা অনুষ্ঠিত হওয়ার পূর্বে কোন উপজেলা হতে এ কার্যালয়ে পাওয়া যায়নি এবং সভার কার্যবিবরণী নিয়মিত স্ব স্ব ওয়েব পোর্টালে আপলোড করা হচ্ছে না মর্মে সহকারী কমিশনার (আইসিটি), কুড়িগ্রাম সভায় অবহিত করেন। ‘উপজেলা ইনোভেশন টিম’ এর সভা নিয়মিত অনুষ্ঠিত না হওয়ার প্রেক্ষিতে সভায় অসন্তোষ প্রকাশ করেন। প্রতিমাসে উপজেলা ইনোভেশন টিমের সভা করে নতুন ইনোভেশন প্রস্তাব/ আইডিয়া গ্রহণ করতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। সভাপতি প্রতিটি উপজেলা হতে ইনোভেশন প্রস্তাব আহবান করেন। জেলা ইনোভেশন টিমের সভার ১ (এক) সপ্তাহ পূর্বে উপজেলা ইনোভেশন টিমের সভা নিয়মিত অনুষ্ঠানপূর্বক উপজেলা ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী ওয়েব পোর্টালে আপলোড এবং পরবর্তি মাসের ৭ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ বিষয়ে সভায় আলোচনা করেন। | ১। প্রতিমাসে উপজেলা ইনোভেশন টিমের সভা করে সভার কার্যবিবরণী স্ব স্ব ওয়েব পোর্টালে আপলোড এবং পরবর্তি মাসের ৭ তারিখের মধ্যে এ কার্যালয়ে আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে।<br>২। উপজেলা থেকে ইনোভেশন প্রস্তাব প্রেরণ করতে হবে। | উপজেলা ইনোভেশন অফিসার (সকল) কুড়িগ্রাম<br>ও<br>সহকারী কমিশনার (আইসিটি), কুড়িগ্রাম |
| ৫। | **ইনোভেশন টিম এর কার্যপরিধি সম্পর্কে আলোচনাঃ**<br>সভায় ইনোভেশন টিমের কার্যপরিধি সম্পর্কে উপস্থিত কর্মকর্তা/সদস্যবৃন্দ আলোচনা করেন। প্রতিমাসে ইনোভেশন টিমের সভা অনুষ্ঠান, কর্ম-পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং মাসিক সমন্বয় সভায় উপস্থাপনের বিষয়ে আলোচনা করা হয়। মন্ত্রণালয়/বিভাগ/ দপ্তর/জেলা/উপজেলা পর্যায়ে গঠিত সংশ্লিষ্ট অন্যান্য ইনোভেশন টিমের সাথে যোগাযোগ ও সমন্বয় সাধন এবং প্রতি বৎসর নির্ধারিত সময়ের মধ্যে পূর্ববর্তী বৎসরের একটি পূর্ণাঙ্গ বাৎসরিক প্রতিবেদন প্রণয়ন এবং বাৎসরিক কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম গ্রহণ করার জন্য সভাপতি উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রামকে অনুরোধ করেন। | ১। জেলা ইনোভেশন টিমের বাৎসরিক কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>২। উপজেলা পর্যায়ে ইনোভেশন টিমের সুনির্দিষ্ট তথ্যসহ আগামী সভায় উপস্থাপনের জন্য এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। | ১) উপজেলা নির্বাহী অফিসার (সকল) কুড়িগ্রাম<br>২) সহকারী কমিশনার (আইসিটি), কুড়িগ্রাম। |

| | | | |
|---|---|---|---|
| ৬। | **<u>উপজেলা ইনোভেশন সার্কেল আয়োজন সম্পর্কে আলোচনাঃ</u>**<br>জেলা ইনোভেশন টিমের বার্ষিক কর্মপরিকল্পনা মোতাবেক উপজেলা ইনোভেশন টিমের সদস্য ও উপজেলা পর্যায়ে বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নকারী কর্মকর্তাদের সমন্বয়ে এপ্রিল ২০১৯ মাসে ভূরুঙ্গামারী, মে ২০১৯ মাসে নাগেশ্বরী এবং জুন ২০১৯ মাসে কুড়িগ্রাম সদর উপজেলায় ইনোভেশন সার্কেল আয়োজনের পরিকল্পনা গৃহীত হয়েছে।<br><br>জেলা ইনোভেশন টিমের বার্ষিক কর্মপরিকল্পনা মোতাবেক উপজেলা ইনোভেশন টিমের ২০১৮-২০১৯ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা অনুযায়ী আগামীতে চলমান সেবায় উদ্ভাবনী উদ্যোগের সাথে উপজেলা পর্যায়ের বিভিন্ন দপ্তর/প্রতিষ্ঠানের ইনোভেশন টিমের প্রাতিষ্ঠানিক সম্পর্ক শক্তিশালীকরণে স্বীয় উপজেলার উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নকারী কর্মকর্তা, উপজেলা ইনোভেশন কর্মকর্তা ও উপজেলা ইনোভেশন টিমের কর্মকর্তা/সদস্যদের সমন্বয়ে ইনোভেশন সার্কেল আয়োজনের দিনক্ষণ নির্ধারণপূর্বক এ কার্যালয়কে অবহিত করার জন্য সভাপতি উপজেলা নির্বাহী অফিসার(সকল), কুড়িগ্রামকে অনুরোধ করেন। | জেলা ইনোভেশন টিমের বার্ষিক কর্মপরিকল্পনা মোতাবেক উপজেলা ইনোভেশন টিমের ২০১৮-২০১৯ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে দিনক্ষণ নির্ধারণপূর্বক উপজেলা ইনোভেশন সার্কেল আয়োজন করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল) কুড়িগ্রাম। |
| ৭। | **<u>সেবা প্রদানে ইনোভেটিভ আইডিয়া এর কার্যক্রম সম্পর্কে আলোচনাঃ</u>**<br>মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঘোষিত ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের অংশ হিসেবে “Service at Doorsteps” বা জনগণের দোরগোড়ায় ই-সেবা পৌঁছানো নিশ্চিত করাসহ প্রধানমন্ত্রীর কার্যালয়ের একসেস টু ইনফরমেশন(এটুআই) প্রোগ্রামের উদ্যোগে নাগরিক সেবা সহজীকরণের জন্য ইনোভেশন কার্যক্রমকে আরও গতিশীল করার লক্ষ্যে সভাপতি কুড়িগ্রাম জেলার জেলা ও উপজেলা পর্যায়ে বিভিন্ন বেসরকারি প্রতিষ্ঠান ও এনজিওসমূহে ইনোভেটিভ আইডিয়া আছে যা স্বল্প যাতায়াত, সময় ও খরচে সম্পন্ন হয় তা নিয়ে সভায় আলোচনা করা হয়। ইনোভেশন কার্যক্রম আরো গতিশীল করার বিষয়ে গুরুত্বারোপ করে জেলায় বাস্তবায়নাধীন ইনোভেশন প্রকল্পগুলো সফলভাবে এগিয়ে নিতে সকল বিভাগীয় প্রধানগণকে আরও সক্রিয়ভাবে কাজ করার জন্য সভাপতি অনুরোধ করেন।<br>সভাপতি বলেন সমবেত বা সমবায়ভিত্তিক প্রয়াস যে কোন সফলতার মাত্রাকে বহুগুণে বর্ধিত করে। তৃণমূল পর্যায় থেকেই মূল উদ্ভাবন সূচিত হয়। আর সেক্ষেত্রে সাফল্যের সম্ভাবনাও থাকে অনেক বেশী। জেলার সকল দপ্তরে One Office One Idea গ্রহণপূর্বক এটুআই ও মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণপূর্বক সংশ্লিষ্ট অফিসে বাস্তবায়ন বিষয়ে আলোচনা করা হয়। যে সকল অফিস হতে এখনও আইডিয়া পাওয়া যায়নি সে সকল অফিস প্রধানকে জরুরিভিত্তিতে আইডিয়া প্রণয়নপূর্বক এ অফিসে প্রেরণসহ নিজ কার্যালয়ে বাস্তবায়ন করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। সহকারী কমিশনার (আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম জানান যে, জেলার সকল সরকারি দপ্তরকে ইনোভেটিভ উদ্যোগ গ্রহণ করার বিষয়ে এ কার্যালয়ের ১৯ মার্চ ২০১৯ তারিখের নং ০৫.৪৭.৪৯০০.০২৬.০২.০০৪.১৮.৭৯ স্মারকে ইতোপূর্বে পত্র প্রদান করা হয়েছে। সে প্রেক্ষিতে ০৩ (তিন) টি দপ্তর হতে ইনোভেটিভ উদ্যোগ সংক্রান্ত তথ্য এ কার্যালয়ে পাওয়া গিয়েছে। সভাপতি জেলার অন্যান্য দপ্তরকে ইনোভেটিভ উদ্যোগ গ্রহণ করতে অনুরোধ করেন। | ১) জেলা ও উপজেলা পর্যায়ে বিভিন্ন বেসরকারি প্রতিষ্ঠান, এনজিওসমূহ ও জেলা পর্যায়ের সকল দপ্তর/বিভাগ, উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম ও কোর অফিসারকে নতুন নতুন ইনোভেটিভ আইডিয়া গ্রহণ করে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।<br>২) জেলার অন্যান্য সকল সরকারি দপ্তরকে ইনোভেটিভ উদ্যোগ গ্রহণ করতে হবে। | ১) জেলা ইনোভেশন অফিসার, কুড়িগ্রাম।<br><br>২) জেলার সংশ্লিষ্ট সকল সরকারি দপ্তর প্রধান। |

| | | | |
|---|---|---|---|
| ৮। | **উদ্ভাবন সহায়ক পরিবেশ তৈরী সম্পর্কে আলোচনাঃ**<br>প্রতিটি সরকারি দপ্তরে নিজ অধিক্ষেত্রে উদ্ভাবন সহায়ক পরিবেশ তৈরীর উপর গুরুত্বারোপ করে সভাপতি জানান, নিজ দপ্তরে নিয়োজিত জনবলের সচেতনতা ও দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ, সেমিনারসহ অন্য দপ্তরের উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনের ব্যবস্থা করতে হবে। এতে মানসিকতার পরিবর্তন সাধিত হবে এবং নতুন উদ্ভাবনী উদ্যোগ বৃদ্ধি পাবে। | উদ্ভাবন সহায়ক পরিবেশ তৈরী করতে হবে। | সংশ্লিষ্ট দপ্তর প্রধান (সকল), কুড়িগ্রাম। |
| ৯। | **জেলা ও উপজেলা ওয়েব পোর্টাল সম্পর্কে আলোচনাঃ**<br>জনগণ যাতে সঠিক তথ্য ওয়েব পোর্টাল হতে সংগ্রহ করতে পারে সে লক্ষ্যে সভায় জেলা, উপজেলা ও ইউনিয়ন ওয়েব পোর্টালে বাংলা ও ইংরেজি উভয় ভাষাতেই তথ্য সংযোজন ও নিয়মিত হালনাগাদকরণ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সহকারী কমিশনার (আইসিটি) কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, ওয়েব পোর্টাল হালনাগাদকরণ একটি চলমান প্রক্রিয়া। এটি সবসময় হালনাগাদ করা প্রয়োজন। হালনাগাদকরণের জন্য সংশ্লিষ্ট অফিসকে ইউজার আইডি ও পাসওয়ার্ড প্রদান করা হয়েছে। এমতাবস্থায় প্রত্যেক দপ্তরের ইউজার আইডি ও পাসওয়ার্ড সংরক্ষণ করা সহ সকল তথ্য নিয়মিত আপডেট করার জন্য বার বার অনুরোধ জানানো হলেও কিছু কিছু দপ্তরের তথ্য নিয়মিত হালনাগাদ করা হচ্ছে না মর্মে জানান। ওয়েব পোর্টালসমূহকে নিয়মিতভাবে মানসম্মত তথ্য দ্বারা হালনাগাদের জন্য মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়, মন্ত্রিপরিষদ বিভাগ ও অন্যান্য উর্ধ্বতন দপ্তর হতে নিয়মিত তাগিদ প্রদান করা হচ্ছে।<br>জেলা ও উপজেলা পর্যায়ের বিভিন্ন বিভাগ/দপ্তরের জাতীয় তথ্য বাতায়ন ও ইউনিয়ন তথ্য বাতায়নের অগ্রগতি সম্পর্কে সভাপতি জানতে চাইলে সহকারী কমিশনার (আইসিটি), কুড়িগ্রাম জানান যে, এটুআই হতে জেলা, উপজেলা ও ইউনিয়ন ওয়েব পোর্টালসমূহ নতুন ফ্রেমওয়ার্কে স্থানান্তর করা হয়েছে। তিনি আরো জানান যে, logo.portal.gov.bd নামীয় পোর্টালে ব্যবহৃত প্রতিটি সেবাবক্সের জন্য প্রযোজ্য ছবি ডাউনলোড করে স্ব স্ব পোর্টালের নির্ধারিত সেবাবক্সে আপলোড করার বিষয়ে এটু-আই কর্তৃক নির্দেশনা থাকলেও বেশীরভাগ দপ্তর সেবাবক্সের ছবি পরিবর্তন করেননি। সভাপতি জেলার সকল সরকারি বিভাগ/ দপ্তরের স্ব স্ব তথ্য বাতায়ন হালনাগাদকরণের বিষয়ে গুরুত্বারোপ করেন এবং তথ্য বাতায়নের লিংকসমূহে সংশ্লিষ্ট অফিসের কর্মকর্তা-কর্মচারীগণকে বিভিন্ন চিঠিপত্র, সভার কার্যবিবরণী, হেল্পলাইন, বাৎসরিক কর্মপরিকল্পনা ইত্যাদিসহ অন্যান্য পর্যাপ্ত তথ্য নিয়মিত আপলোড করে হালনাগাদকরণের নির্দেশনা প্রদান করেন। | ১) জেলা, উপজেলা ও ইউনিয়ন পোর্টালে পর্যাপ্ত তথ্য বাংলা ও ইংরেজি উভয় ভাষাতেই হালনাগাদ করতে হবে।<br>২) জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের পোর্টালের সেবাবক্সের ছবি পরিবর্তন করতে হবে।<br>৩) জেলা ও উপজেলা পর্যায়ের সকল সরকারি বিভাগ/দপ্তরের বিভিন্ন ধরণের তথ্য স্ব স্ব তথ্য বাতায়নে হালনাগাদকরণের পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১। জেলা ও উপজেলা ওয়েব পোর্টাল এর ফোকাল পয়েন্ট<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম।<br>৩। সহকারী কমিশনার (আইসিটি),কুড়িগ্রাম।<br>৪। সংশ্লিষ্ট সকল, কুড়িগ্রাম। |

| | | | |
|---|---|---|---|
| ১০। | **পাইলট প্রকল্প পরিদর্শন সংক্রান্তঃ**<br>গৃহীত উদ্ভাবনী পাইলট উদ্যোগগুলো সুষ্ঠুভাবে বাস্তবায়নপূর্বক জনসাধারণের প্রত্যাশিত সেবা প্রদানে যেনো ভূমিকা রাখতে পারে সে লক্ষ্যে প্রকল্পগুলো তদারকির বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। সভাপতি ইতোমধ্যে এ জেলায় যত উদ্ভাবনী প্রকল্প হাতে নেয়া হয়েছে সেই প্রকল্পগুলো পরিদর্শন করার এবং প্রকল্পগুলো কতটা ফলপ্রসু হবে তা ইনোভেশন কমিটি মনিটরিং করার বিষয়ে উপস্থিত সন্মানিত সদস্যবৃন্দকে আলোচনা করতে পরামর্শ প্রদান করেন। বিস্তারিত আলোচনান্তে সভাপতি কুড়িগ্রাম জেলার চলমান ইনোভটিভ আইডিয়ার পাইলট প্রকল্পগুলো নিয়মিত পরিদর্শন করার জন্য জেলা ইনোভেশন টিম এর সদস্যগণকে অনুরোধ করেন। উপস্থিত সদস্যবৃন্দ সভায় জানান যে, চলমান পাইলট প্রকল্পসমূহ তারা তদারকি করছেন। চলমান পাইলট প্রকল্পের অগ্রগতি/কোন সীমাবদ্ধতা থাকলে তা চিহ্নিত করে নিয়মিতভাবে জেলা ইনোভেশন কমিটির সভায় প্রতিবেদন উপস্থাপনের জন্য পরামর্শ প্রদান করেন। সভাপতি সকল দপ্তর প্রধানদের পাইলট প্রকল্প পরিদর্শন বাড়ানোর জন্য অনুরোধ করেন। | চলমান ইনোভটিভ আইডিয়ার পাইলট প্রকল্প নিয়মিত পরিদর্শন করতে হবে এবং প্রকল্পের অগ্রগতি/কোন সীমাবদ্ধতা থাকলে তা চিহ্নিত করে নিয়মিতভাবে জেলা ইনোভেশন কমিটির সভায় প্রতিবেদন উপস্থাপন করতে হবে। | সংশ্লিষ্ট সকল |
| ১১। | **মাসিক উন্নয়ন সমন্বয় সভা ও অন্যান্য সমন্বয় সভায় ইনোভেশন আলোচনা সংক্রান্তঃ**<br>সভায় কুড়িগ্রাম জেলার ২০১৮-২০১৯ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী উদ্ভাবন সহায়ক পরিবেশ তৈরীর লক্ষ্যে জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভা, জেলা এনজিও বিষয়ক সমন্বয় কমিটির সভা, জেলা রাজস্ব সভা, জেলা পর্যায়ের অন্যান্য সভা ও মাসিক স্টাফ মিটিংয়ের আলোচ্যসূচীতে 'উদ্ভাবন উদ্যোগ' অন্তর্ভূক্তকরণ এবং Innovative উদ্ভাবক ও বাস্তবায়নকারীদের প্রণোদনা প্রদান ও উদ্যোগী কর্মকর্তা/কর্মচারীদের কে বিভিন্ন পর্যায়ে পুরস্কার প্রদান বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সহকারী কশিনার (আইসিটি), কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, জেলা পর্যায়ে প্রতিমাসে অনুষ্ঠিতব্য উল্লিখিত সভাসমূহে 'উদ্ভাবন উদ্যোগ' নিয়মিত এজেন্ডাভূক্তকরণের (প্রযোজ্য ক্ষেত্রে) জন্য উপপরিচালক, স্থানীয় সরকার, কুড়িগ্রাম,অতিরিক্তি জেলা প্রশাসক (সার্বিক) /(রাজস্ব) ও অতিরিক্তি জেলা ম্যাজিস্ট্রেট, কুড়িগ্রামকে ইত:পূর্বে অনুরোধ জানিয়ে পত্র দেয়া হয়েছে।<br><br>সভাপতি উদ্ভাবন সহায়ক পরিবেশ তৈরীর লক্ষ্যে জেলা ও উপজেলা পর্যায়ে অনুষ্ঠিত সভাসমূহে 'উদ্ভাবন উদ্যোগ' অন্তর্ভূক্ত করে নিয়মিত আলোচনা করার জন্য উপপরিচালক, স্থানীয় সরকার, কুড়িগ্রাম, অতিরিক্তি জেলা প্রশাসক (সার্বিক) /(রাজস্ব)/ অতিরিক্তি জেলা ম্যাজিস্ট্রেট, কুড়িগ্রাম ও উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রামকে অনুরোধ করেন। | উদ্ভাবন সহায়ক পরিবেশ তৈরীর লক্ষ্যে জেলা ও উপজেলা পর্যায়ে অনুষ্ঠিত সভাসমূহের আলোচ্যসূচিতে 'উদ্ভাবন উদ্যোগ' অন্তর্ভূক্ত করতে হবে । | উপপরিচালক, স্থানীয় সরকার, কুড়িগ্রাম, অতিরিক্তি জেলা প্রশাসক (সার্বিক) /(রাজস্ব)/ অতিরিক্তি জেলা ম্যাজিস্ট্রেট, কুড়িগ্রাম ও উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম। |

| | | | |
|---|---|---|---|
| ১২। | **বিবিধঃ**<br>১। সভাপতি সোশ্যাল মিডিয়ার ব্যবহার সম্পর্কে জানতে চাইলে সহকারী কমিশনার (আইসিটি) জানান কুড়িগ্রাম জেলায় ইনোভেশন টিমের সদস্যদের নিয়ে ফেসবুক গ্রুপ Innovation Teams, Kurigram ফেসবুক এর মাধ্যমে মোবাইল কোর্টের সংবাদ, জেলা প্রশাসনের বিভিন্ন কার্যক্রম, বাল্যবিবাহ, ইভটিজিং এর মত সামাজিক অপরাধ দূরিকরণের মত প্রচারণা চালিয়ে যাচ্ছেন। তিনি ইনোভেশন টিমের সকল সদস্যকে ফেসবুকের উক্ত গ্রুপটিতে সম্পৃক্ত হতে অনুরোধ করেন এবং জনবান্ধবমূলক ছবি ''ইনোভেশন টিম'স" ফেসবুক পেইজে আপলোড করার জন্য বিশেষভাবে অনুরোধ করেন।<br>২। কোন কর্মকর্তার বদলি বা অন্য কোন কারণে কর্মস্থল পরিবর্তন হলে তার তত্ত্বাবধানে বাস্তবায়নাধীন উদ্যোগটি সমাপ্তির ধারাবাহিক কার্যক্রম অব্যাহত রাখতে সংশ্লিষ্ট সকলকে পরামর্শ প্রদান করা হয়।<br>৩। জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রামকে জেলা ও উপজেলা পর্যায়ে সকল শিক্ষা প্রতিষ্ঠানের জন্য ডায়নামিক ওয়েব সাইড তৈরী করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং তদারকি অব্যাহত রাখার নির্দেশনা প্রদান করেন।<br>৪। স্বীয় অধিক্ষেত্রে উদ্ভাবন চর্চার ক্ষেত্রে অন্য দপ্তরের সাথে পার্টনারশীপ ও নেটওয়ার্কিং এর মাধ্যমে উদ্ভাবনী বিনিময়ের উপর সভাপতি গুরুত্বারোপ করেন। পার্টনারশীপ ও নেটওয়ার্কিং এর মাধ্যমে উদ্ভাবনী উদ্যোগকে কাজে লাগানোর জন্য সভাপতি সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণকে অনুরোধ করেন।<br>৫। প্রায়শই দেখা যায় ভূমি অফিসগুলোতে সরকারি কোষাগারে ভূমি উন্নয়ন করসহ অন্যান্য পাওনা জমা দিতে এসে সেবা প্রত্যাশীদের বিড়ম্বনার অন্ত নেই। ভূমি মালিকগণের ভূমি উন্নয়ন কর প্রদানের সময় অযথা হয়রানী ও অতিরিক্ত অর্থ ব্যয়ের ভোগান্তি নিরসনের লক্ষ্যে সংশ্লিষ্ট ভূমি মালিকগণকে তাঁর নিকট প্রাপ্য সরকারী পাওনা উল্লেখ করে মোবাইল অ্যাপসের মাধ্যমে অথবা সম্পৃক্ত অন্য কোন ভাবে বছরের শুরুতেই নোটিশ প্রদানের বিষয়ে উদ্ভাবনী চিন্তা বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা যেতে পারে মর্মে সকলকে পরামর্শ প্রদান করেন।<br>৬। এ জেলার সরকারি জলমহালগুলোর পাড়ে উন্নতজাতের নারিকেল গাছ এবং সরকারি রাস্তার পার্শ্বে খালি স্থানে ঔষধি গাছ বাসক স্থানীয় জনসাধারণের সাথে আনুপাতিক অংশীদারিত্ব ভিত্তিতে ব্যাপকভাবে রোপন করার সুযোগ রয়েছে। এতে সংশ্লিষ্ট এলাকার স্থানীয় জনসাধারণ একদিকে যেমন আর্থিকভাবে লাভবান হবে অন্যদিকে পরিবেশ সংরক্ষণে গুরুত্বপূর্ণ অনুষঙ্গ হিসেবে কাজ করবে। সেইসাথে এতদাঞ্চলের দারিদ্র বিমোচনে উল্লেখযোগ্য ভূমিকা রাখতে সক্ষম হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে উদ্যোগ গ্রহণ করার জন্য সভাপতি অনুরোধ করেন।<br>৭। জেলার ঐতিহ্যের ধারক প্রায় হারিয়ে যাওয়া 'বিয়ের গীত' গুলো সংগ্রহপূর্বক ০১(এক) টি প্রকাশনা বের করার উদ্যোগ গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।<br>৮। জেলা প্রশাসকের কার্যালয়ে স্থাপিত 'জেলা ব্র্যান্ডিং কর্ণার',জেলা প্রশাসন, কুড়িগ্রামের 'ব্লাড ব্যংক', জেলা মুক্তিযোদ্ধাদের জন্য 'বীরগাথাঁ', সড়ক দূর্ঘটনা প্রতিরোধের স্বপ্ন নিয়ে জেলা প্রশাসন কুড়িগ্রামের 'জয়যাত্রা', জেলা কারাগার, কুড়িগ্রামের 'জেলখানার চিঠি',কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, কুড়িগ্রামের 'কৃষির শস্য পতাকা'এর মতো সৃজনশীল উদ্ভাবনী উদ্যোগগুলো যাতে দেশের অন্য জেলায় রেপ্লিকেট হতে পারে সে লক্ষ্যে উদ্যোগগুলো আরো গণমুখী ও জনবান্ধব করার জন্য কর্মপরিকল্পনা প্রণয়ন করার জন্য অনুরোধ করেন। | ১) উদ্ভাবনী ধারণায় সোশ্যাল মিডিয়ার ব্যবহার বৃদ্ধি করতে হবে।<br>২) ইনোভেশন সংক্রান্ত ফেসবুক গ্রুপে সকল কর্মকর্তাকে অন্তর্ভুক্তকরণসহ জনবান্ধবমূলক ছবি আপলোড করার জন্য অনুরোধ করেন।<br>৩) চলমান উদ্ভাবনীসমূহের উদ্ভাবক/ কর্মকর্তা বদলি হলে তা এ কার্যালয়কে অবহিত করতে হবে এবং উদ্যোগটি চলমান রাখার জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৪) জেলা ও উপজেলা পর্যায়ে সকল শিক্ষা প্রতিষ্ঠানে ডায়নামিক ওয়েব সাইট তৈরী নিশ্চিত করা এবং এর কার্যক্রম তদারকি করতে হবে।<br>৫) উদ্ভাবনীর জন্য পার্টনারশীপ ও নেটওয়ার্কিং এর উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>৬) সরকারি কোষাগারে ভূমি উন্নয়ন করসহ অন্যান্য পাওনা জমা দেয়ার বিষয়ে উদ্ভাবনী চিন্তা বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>৭) স্থানীয় জনসাধারণের সাথে অংশীদারিত্ব ভিত্তিতে সরকারি জলমহালগুলোর পাড়ে উন্নতজাতের নারিকেল গাছ এবং সরকারি রাস্তার পার্শ্বে খালি স্থানে ঔষধি গাছ বাসক ব্যাপকভাবে রোপন করার উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>৮) জেলার ঐতিহ্যের ধারক 'বিয়ের গীত' গুলো সংগ্রহপূর্বক ০১(এক) টি প্রকাশনা বের করতে হবে।<br>৯) বাস্তবায়িত / বাস্তবায়নাধীন সৃজনশীল উদ্যোগগুলো আরো গণমুখী ও জনবান্ধব করার জন্য কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে। | ১) জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তা, কুড়িগ্রাম।<br><br>২) সহকারী কমিশনার (আইসিটি), কুড়িগ্রাম।<br><br>৩) সংশ্লিষ্ট দপ্তর প্রধান (সকল), কুড়িগ্রাম।<br><br>৪) জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম ও সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ।<br><br>৫) সকল দপ্তর প্রধান, কুড়িগ্রাম।<br>(৬-৭) সংশ্লিষ্ট সকল কর্মকর্তা, কুড়িগ্রাম।<br>৮) অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম /উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম /বন বিভাগ, কুড়িগ্রাম। |

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানান ও এ জেলার বিভিন্ন দপ্তরের কাজের গতিশীলতা বৃদ্ধির লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত পরিপত্রের বিধান অনুসরণের পাশাপাশি নতুন কর্মপরিকল্পনা গ্রহণের জন্য উদ্যোগ গ্রহণের অনুরোধ জানান। তথ্য প্রযুক্তি নির্ভর দেশ গড়ার লক্ষ্যে সকলের আন্তরিক সহযোগিতা কামনা করে এবং একইসাথে ইনোভেটিভ আইডিয়া নিয়ে জনমুখী সেবাকে আরও গতিশীল করার সর্বাত্বক প্রচেষ্টা গ্রহণের অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
(মোছাঃ জিলুফা সুলতানা)
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কুড়িগ্রাম
ও
সভাপতি
জেলা ইনোভেশন টিম।
ই-মেইলঃ adcictkurigram@yahoo.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
কুড়িগ্রাম
আইসিটি শাখা
www.kurigram.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৪৯০০.০২৬.০৩.০০৭.১৮.৯৭ তারিখঃ ২৫ চৈত্র, ১৪২৫ / ০৮ এপ্রিল, ২০১৯

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৩। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৪। উপজেলা নির্বাহী অফিসার ........................................... (সকল),কুড়িগ্রাম(তাঁকে উপজেলাস্থ সকল দপ্তর/বিভাগকে অবহিতকরণের অনুরোধ করা হলো)।

৫। ...........................................................
...........................................................

০৮/৪/২০১৯
সহকারী কমিশনার (আইসিটি)
ফোনঃ ০৫৮১-৬২৪০২
ই-মেইলঃ acictkurigram@yahoo.com

পরিশিষ্ট- "ক" (স্বাক্ষরের ক্রমানুসারে)

| ক্রঃনং | নাম ও পদবী | মোবাইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১। | জনাব মোঃ শামছুল আলম, জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম। | ০১৭২৩৯৯২২৬৯ | স্বাক্ষরিত |
| ২। | জনাব এ, কে, এম তৈফিকুর রহমান, সহাকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কুড়িগ্রাম। | ০১৭১৫১৩৪৬১০ | স্বাক্ষরিত |
| ৩। | জনাব মোঃ জাফরুল ইসলাম, প্রশিক্ষক (কম্পিউটার), যুব উন্নয়ন অধিদপ্তর, কুড়িগ্রাম। | ০১৭১৮৪৬০১৪২ | স্বাক্ষরিত |
| ৪। | জনাব এইচ, এম, শাহজাহান মিয়া, সহকারী তথ্য অফিসার, কুড়িগ্রাম। | ০১৭১৭৮৬৬৭৩১ | স্বাক্ষরিত |
| ৫। | জনাব মোঃ জাহেদুল হক চৌধুরী, অতিরিক্ত উপপরিচালক (শস্য), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর খামারবাড়ি, কুড়িগ্রাম। | ০১৭১২০৭৩০৭১ | স্বাক্ষরিত |